

2018

BENGALI

( Major )

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×৭=৭

(ক) 'সাজাহান' নাটক যাঁর পুণ্যস্মৃতিতে উৎসর্গ করা হয়েছিল, তিনি হলেন

(১) মাইকেল মধুসূদন দত্ত

(২) রাজা রামমোহন রায়

(৩) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(৪) রবীন্দ্রনাথ ঠাকুর

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(খ) “আমার এক ইচ্ছা জাঁহাপনা, আমাকে যথাসাধ্য পীড়ন করুন।” বক্তার নাম কী ?

(১) দারা

(২) সোলেমান

(৩) ঔরঞ্জীব

(৪) মোরাদ

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

( 2 )

- (গ) 'সাজাহান' নাটকে যে যোধপুরপতি রয়েছেন তাঁর নাম কী?
- (ঘ) 'সাজাহান' নাটকের শেষ সংলাপ উচ্চারণ করেছেন
- (১) সাজাহান  
(২) জাহানারা  
(৩) মহামায়া  
(৪) জহরৎ উমিসা ( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )
- (ঙ) 'ছেঁড়া তার' নাটকে 'শুনরে গ্রামের কথা শুন দিয়া মন' গানটি কে গেয়েছে?
- (১) ফুলজান  
(২) জাম্বুবান  
(৩) শ্রীমন্ত  
(৪) গোবিন্দ ( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )
- (চ) "কথাটার ভেতর খানিকটা সত্য আছে।" বক্তা কে?
- (১) মহিম  
(২) হাকিম  
(৩) সুশান্ত  
(৪) ভবেশ ( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )
- (ছ) মহিমবাবুর মেয়ের নাম কী?

( 3 )

- ২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮
- (ক) "আমার হৃদয় এক শাসন জানে। সে শুধু স্নেহের শাসন।" কে, কাকে একথা বলেছেন?
- (খ) "নর্মদার যুদ্ধ জাঁহাপনা! আপনি সেই জয়ের গৌরব করেন?" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?
- (গ) "সে যে মোর দুশমনের বাড়ি বঁদী হয় আছে।" বক্তা 'দুশমন' বলতে কাকে বুঝিয়েছেন? 'দুশমন'-এর বাড়িতে কে 'বঁদী' হয়ে আছে?
- (ঘ) "লুট ক্যানে হয়? হামি কি দিবার নারাজ?" কে, কাকে একথা বলেছেন?
- ৩। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫
- (ক) টীকা লেখো :  
যশোবন্ত সিংহ অথবা সুজা
- (খ) "তারা জানুক, সম্রাট সাজাহান স্নেহশীল—কিন্তু দুর্বল নয়।" কে, কি প্রসঙ্গে একথা বলেছেন? প্রসঙ্গটি অতি সংক্ষেপে বর্ণনা করো। ১+৪=৫
- (গ) "আর আমি এখানে দাঁড়িয়ে এ কথা শুনবো না। প্রলোভন বড়ই অধিক। হৃদয় বড়ই দুর্বল।" কে, কাকে, কখন একথা বলেছেন? ১+১+৩=৫
- (ঘ) টীকা লেখো :  
গোবিন্দ অথবা শ্রীমন্ত
- (ঙ) "তোমাদের research যে কোনো কাজেই লাগে না। এদেশের চাষারা এমন জড় যে নতুন idea তারা কিছুতেই নিতে চাইবে না।" কথাটি বিশদ করো।

- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) “‘সাজাহান’ নাটকের ট্রাজেডি যদিও সাজাহানকে কেন্দ্র করেই সাধিত হয়েছে, তবু সমগ্র নাটকটির ঘটনা পরিচালিত হয়েছে ঔরংজীবের দ্বারা।”

উক্তিটির যথার্থ্য প্রতিপন্ন করো।

(খ) ‘সাজাহান’ নাটকে পিয়ারা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(গ) ‘সাজাহান’ নাটকে গানের ব্যবহারে দ্বিজেন্দ্রলালের কুশলতা বিচার করো।

খ—গুচ্ছ

(ঘ) “আল্লা! মোর যস্তব বাজি লয় না। আল্লা! তার খালি ছিঁড়ি ছিঁড়ি গেল!” এই উক্তির মধ্য দিয়ে বক্তার জীবনের যে মর্মস্বন্দ কাহিনি আভাসিত হয়েছে তা আলোচনা করো।

(ঙ) “তুলসী লাহিড়ীর ‘ছেঁড়া তার’ নাটকে সামাজিক সমস্যা শেষ পর্যন্ত ব্যক্তিগত সমস্যায় পরিণত হয়েছে। ফলে যুক্তিবোধ ও নাটকীয় ঐক্যও ব্যাহত হতে দেখা যায়।” সমালোচকের এই মন্তব্যের যথার্থতা বিচার করো।

(চ) ‘ছেঁড়া তার’ নাটকে হাকিমুদ্দি চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করো।

\*\*\*